

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার লেটার নং-০১/২০২১

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Guidelines for Prevention of Trade Based
Money Laundering** বাস্তবায়নের সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এ ইউনিট কর্তৃক ১০ ডিসেম্বর ২০১৯ তারিখে জারীকৃত বিএফআইইউ সার্কুলার নং-২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্যে মানিলভারিং, সন্ত্রাসী কার্য ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন ঝুঁকি মোকবেলায় কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তফসিলি ব্যাংকসমূহের নিজ নিজ প্রতিষ্ঠানের আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্র, ব্যাপ্তি, গ্রাহক সংখ্যা, প্রকৃতি ইত্যাদি বিবেচনায় নিজস্ব গাইডলাইন/ম্যানুয়েল প্রণয়নপূর্বক ০১ জুন, ২০২০ তারিখের মধ্যে উক্ত গাইডলাইন/ম্যানুয়েল বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয় যা পরবর্তীতে কোভিড-১৯ মহামারী ও কতিপয় ব্যাংকের আবেদন বিবেচনায় ০১ নভেম্বর ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়।

২। এক্ষণে, বিএফআইইউ এর প্রধান কর্মকর্তার সভাপতিত্বে ব্যাংকসমূহের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভায় কয়েকটি ব্যাংকের আবেদন ও সার্বিক কোভিড-১৯ মহামারী পরিস্থিতি বিবেচনায় Guidelines for Prevention of Trade Based Money Laundering বাস্তবায়নের সময়সীমা আগামী ৩০ জুন ২০২১ পর্যন্ত বর্ধিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮